



## পরীক্ষা

এইচএসসিতেও পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যাবেন না শিক্ষামন্ত্রী, করবেন  
সংবাদ সম্মেলন

নিজস্ব প্রতিবেদক ঢাকা

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী *ফাইল ছবি*

---

২০২৪ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হচ্ছে আজ রোববার (৩০ জুন) থেকে। এসএসসির মতো এইচএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাবেন না শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

গতকাল শনিবার (২৯ জুন) শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ কথা জানানো হয়। আজ রোববার (৩০ জুন থেকে) সিলেট বাদে বাকি বিভাগগুলোতে শুরু হবে এইচএসসি পরীক্ষা।

শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার মতো এবারও পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাবেন না শিক্ষামন্ত্রী। তবে তিনি এইচএসসি ও সমমান পরীক্ষা নিয়ে সংবাদ সম্মেলন করবেন।

এর আগে এসএসসি ও সমমান পরীক্ষার কেন্দ্র পরিদর্শনেও যাননি শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। সেসময় শিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল, শিক্ষামন্ত্রী মনে করেন পরীক্ষার কেন্দ্র পরিদর্শনের কারণে শিক্ষার্থীদের ওপর একধরনের হয়রানিমূলক পরিস্থিতি, মানসিক যন্ত্রণা ও জনদুর্ভোগ সৃষ্টি হয়। পরীক্ষার সময় পরীক্ষার্থীরা এমনতেই একটা মানসিক চাপের (ট্রমার) মধ্যে থাকে।

কেন্দ্র পরিদর্শনের নামে ব্যাপক জনসমাগম এই মানসিক চাপ আরও বাড়িয়ে দেয়। এ ছাড়া পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশে বিঘ্ন ঘটে। এই মানসিক যন্ত্রণা ও জনদুর্ভোগ লাঘবের জন্য এ বছর এসএসসি ও সমমান পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাবেন না। একই কারণে এইচএসসি পরীক্ষায়ও কেন্দ্রে যাবেন না শিক্ষামন্ত্রী।

পরীক্ষার সময়সূচি অনুযায়ী ৩০ জুন বাংলা (আবশ্যিক) প্রথম পত্রের মাধ্যমে শুরু হবে এই পরীক্ষা। লিখিত পরীক্ষা শেষ হবে ১১ আগস্ট। এরপর ব্যবহারিক পরীক্ষা শুরু হবে। জানা গেছে, পূর্বঘোষণা অনুযায়ী, পুনর্বিन্যাসকৃত (সংক্ষিপ্ত) পাঠ্যসূচিতে অনুষ্ঠিত হবে এই পরীক্ষা।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো